# INVITATION FOR TENDER

| No. | Item | Details |
|---|---|---|
| 1 | Agency | **Police Reform Programme (PRP)** |
| 2 | Procuring Entity Name | Police Reform Programme (PRP) |
| 3 | Procuring Entity District | Dhaka |
| 4 | Invitation for | Supply and testing of 15 Motorcycles (150cc) to three Model Thanas of Bangladesh Police. |
| 5 | Invitation Ref No & Date | 2014/1853, 29/05/2014 |
| 6 | Procurement Method | **Open Tendering Method (OTM) as per PPR-2008** |
| 7 | Budget and Source of Funds | DFID |
| 8 | Project (if applicable) | Police Reform Programme (PRP) |
| 9 | Tender Package Number & Name | **Package No. 01 :** Supply and testing of 15 Motorcycles (150cc) to three Model Thanas of Bangladesh Police. |
| 10 | Mode of Payment | Credit |
| 11 | Tender Publication Date | May 29, 2014 |
| 12 | Tender Last Distribution Date | June 09, 2014 |
| 13 | Tender Closing/dropping Date and Time | June 15, 2014 — Time: 11:30 Hours |
| 14 | Tender Opening Date and Time | June 15, 2014 — Time: 12:00 Hours |
| 15 | Name & Address of the office(s) | **Addresses** |
| | *- Selling Tender Document* | Police Reform Programme, 3rd Floor of Bangladesh Police Headquarter, 6 Phoenix Road, Fulbaria, Dhaka-1000. |
| | *- Receiving Tender Document* | Police Reform Programme, 3rd Floor of Bangladesh Police Headquarter, 6 Phoenix Road, Fulbaria, Dhaka |
| | *- Opening Tender Document* | Police Reform Programme, 3rd Floor of Bangladesh Police Headquarter, 6 Phoenix Road, Fulbaria, Dhaka |
| 16 | Eligibility of Tenderer | (i) The Tenderer shall have a minimum of Five years of overall experience in the supply of Motorcycle<br>(ii) The Tenderer shall have successfully completed minimum 05 (five) numbers of supply contract of similar goods and related services within last three years supported by the certificate issued from competent authority.<br>(iii) The satisfactory completion of similar service of minimum taka one hundred lacs (1 core) under maximum five contracts in the last three years.<br>(iv) The minimum amount of liquid asset or working capital or credit facility is minimum Tk. 40 (forty) lac supported by the certificate issued from scheduled bank. |
| 17 | Identification of Packages, Lots, Tender Security and Price of Tender Document | |

| Pkg. No. | Lot No. | Identification | Documents available at location | Tender Security Amount in BDT (by Bank draft/ Pay Order) | Completion Time | Price of Tender Document (in cash) |
|---|---|---|---|---|---|---|
| Pkg.-1 | *Nil* | Supply and testing of 15 Motorcycle (150 cc) | Police Reform Programme, 3rd Floor of Bangladesh Police Headquarter, 6 Phoenix Road, Fulbaria, Dhaka-1000. | Tk. 90,000/= | With 15 days after receiving the Purchase Order. | *Nil* |

| No. | Item | Details |
|---|---|---|
| 18 | Name of Official Inviting Tender | **Henk van Zyl** |
| 19 | Designation of Official Inviting Tender | **Project Manager** |
| 20 | Address of Official Inviting Tender | Police Reform Programme, 3rd Floor of Bangladesh Police Headquarter, 6 Phoenix Road, Fulbaria, Dhaka-1000. |
| 21 | Contact details of Official Inviting Tender | Tel: (8802) 9567831-33 Ext: 148, 152 — Fax: (880-2) 9567835 — email: raz.sadiq@prp-bd.org; shahadut@prp-bd.org |
| 22 | Special Instructions: The procuring entity reserves the right to accept or reject all Proposals. **In case of any unavoidable circumstances, the schedule distribution day, dropping day and opening day will be bodily shifted at the following working days.** | |

POLICE REFORM PROGRAMME

**Henk van Zyl**
Project Manager
**Police Reform Programme (PRP), UNDP**

# VACANCY

## NORTH SOUTH UNIVERSITY

*The first private university in Bangladesh*

**North South University (NSU)**, the first private university in Bangladesh which follows North American standards, seeks a technically proficient, creative and highly motivated **Director (IS Department)** for providing leadership, supervision, planning, designing and management of supporting NSU Network System/Integrated University Management System & Web Portal Development. He/she should manage & coordinate functioning of the NSU Website, Student Information Management Software (SIMS), Library Management Software (LMS), Accounting Software, Advising Software, On-line Admission, HR, Payroll and Attendance Management Software etc.

**Director (IS Department): 01 Position**

**Education:** B.Sc. / M.Sc. in CS/CSE/EECS or similar discipline from any reputed university.

**Experience:** Minimum 15 (fifteen) years practical experience in system development and management including 5 (five) years as a senior management or equivalent position in overall management and operation of the ERP in an University, Telecom operator, a large Corporation, Bank and ISP software system. The candidate should have working experience with multiple operating systems like MS windows, Sun Solaris, HP-UX, Linux, Unix-free BSD and hands on experience with router/switch configuration and Fiber-optical systems, web servers. He/she must have experience on Application Lifecycle Management (ALM) and Project Management. Candidate should have good understanding on IT Security, data integration, and CISCO system.

**Responsibilities** include but not limited to:

- Develop IT strategy, policy, and roadmap in line with business strategy.
- Overall supervision of technical and personnel operations of the NSU Information Services Department and coordinate with all the NSU departments & divisions to serve their information services need.
- Overall management/strategic decision making and planning of the Integrated University Management System.
- Help, develop, and implement plans, policies and procedures for IT system.
- Supervise & management of IT System including Web Portal Development.
- Manage IT service delivery and ensure user satisfaction.

**Age limit:** 45 years.

**Monthly Salary:** Attractive salary packages & benefits will be offered to the deserving candidate.

**Other Benefits:** Provident Fund, Gratuity, Festival Bonuses, Group Insurance, in- house free Medical Consultation etc.

***Only short-listed candidates will be called for interview***

Candidates may apply with complete CV, two photographs, copies of certificates, transcripts and other credentials by **10 June 2014,** by email or in hard copy to:

**The Director (Administration)**
**NORTH SOUTH UNIVERSITY**
Bashundhara, Dhaka – 1229
E-mail: nsuhr@northsouth.edu

**www.northsouth.edu**

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়**
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫ কলেজ রোড, রমনা, ঢাকা-১০০০

স্মারক নং-জেএসসি/পনিদ/নিয়োগ-৯ম বিজেএস/১/২০১৪/৩১৩ — তারিখঃ ২৮/০৫/২০১৪ খ্রিঃ

## বিজ্ঞাপন

**নবম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০১৪ (৯ম বিজেএস পরীক্ষা, ২০১৪)।**

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের **সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট** পদে নিয়োগের লক্ষ্যে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে উপযুক্ত প্রার্থীদের বাছাই ও মনোনয়নের উদ্দেশ্যে নিম্নবর্ণিত তথ্যাদি অনুসারে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হইতেছে।

**জ্ঞাতব্য বিষয়সমূহ**

১। **পদ সংখ্যা ঃ**
**২৪ (চব্বিশ)টি**
তবে বিধি অনুসারে পদ সংখ্যা বৃদ্ধি হইতে পারে।

২। **বেতন স্কেল ঃ**
টাকা ১৬,০০০-৬০০×১৬-২৫,৬০০ তৎসহ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০০৯-এ বর্ণিত ও সরকারী সিদ্ধান্ত অনুসারে প্রদত্ত অন্যান্য সুবিধাদি।

৩। **আবেদনপত্র সংগ্রহ ও পৌছানোর শেষ তারিখ এবং ঠিকানা ঃ**
(ক) আবেদনপত্র **০৮ জুন, ২০১৪ তারিখ হইতে** সংগ্রহ করা যাইবে। আবেদনপত্র ও অন্যান্য ফরম সোনালী ব্যাংকের যে সকল শাখায় পাওয়া যাইবে তাহার তালিকা এবং পরীক্ষার ফি বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি এই বিজ্ঞাপনের অনুচ্ছেদ-১১ এবং ১২ তে বর্ণিত আছে।
(খ) আবেদনপত্র পৌছানোর **শেষ তারিখ ৩০ জুন, ২০১৪।** প্রার্থীগণ প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করিয়া **সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫ কলেজ রোড, রমনা, ঢাকা-১০০০** ঠিকানায় আগামী **৩০ জুন, ২০১৪ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা অর্থাৎ অফিস সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে** পৌছান নিশ্চিত করিবেন। যে মাধ্যমেই পাঠানো হউক না কেন, আবেদনপত্র উক্ত তারিখ ও সময়ের মধ্যে উক্ত ঠিকানায় পৌছানো প্রার্থীর দায়িত্ব। উক্ত তারিখ ও সময়ের পরে কোন অবস্থাতেই কোন আবেদনপত্র গৃহীত হইবে না।

৪। **প্রার্থীর বয়স ঃ**
**৩০ জুন, ২০১৪** তারিখে **অনধিক ৩২ (বত্রিশ) বছর।**
(মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষার মূল সনদপত্র অনুযায়ী বয়স নির্ধারিত হইবে। প্রার্থীর বয়স বেশী হইলে আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না। বয়স নির্ধারণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।)

৫। **প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ঃ**
**(ক) ন্যূনতম যোগ্যতা ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক অথবা দ্বিতীয় শ্রেণীর এলএল.এম ডিগ্রী। উক্ত পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীও (ঙ) তে উল্লেখিত শর্তে আবেদন করিতে পারিবেন।
**(খ) সিজিপিএ মূল্যায়ন পদ্ধতি ঃ** কোন প্রার্থীর ফলাফল উক্তরূপ শ্রেণীর পরিবর্তে সিজিপিএ আকারে প্রকাশিত থাকিলে, বিশ্ববিদ্যালয় প্রদত্ত সনদে উল্লিখিত স্কেল (যেমন- ৪ বা ৫) কে প্রচলিত নম্বর পদ্ধতিতে ৮০% এর সমান ধরা হইবে। তদনুসারে প্রার্থীর ফলাফলকে প্রথম শ্রেণী (৬০% বা তদূর্ধ্ব), দ্বিতীয় শ্রেণী (৪৫% বা তদূর্ধ্ব কিন্তু ৬০% এর কম), তৃতীয় শ্রেণী (৩৩% বা তদূর্ধ্ব কিন্তু ৪৫% এর কম) হিসাবে নির্ধারণ করা হইবে। এতদ্উদ্দেশ্যে নিম্নবর্ণিত সূত্র অনুসরণ করা হইবে ঃ

$$\frac{৮০}{\text{বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুসৃত সিজিপিএ স্কেল (যেমন- ৪ বা ৫)}} \times \text{অর্জিত সিজিপিএ} = \text{অর্জিত শতকরা নম্বর}$$

এ বিষয়ে বিস্তারিত বিবরণ কমিশন কর্তৃক প্রকাশিত "তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" সম্বলিত পুস্তিকার প্রথম অধ্যায়ের ২ (খ) নং অনুচ্ছেদে বর্ণিত আছে।
* কোন ক্ষেত্রে উক্ত পুস্তিকার নির্দেশনা অনুসারে শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ সম্ভব না হইলে কমিশন চূড়ান্ত সিদ্ধান্ত লইবে।
**(গ)** ৫ (ক) দফায় বর্ণিত প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার ফলাফল (যদি সি.জি.পি.এ আকারে প্রকাশিত হয়) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুসৃত সি.জি.পি.এ স্কেলের সর্বোচ্চ মান (যেমন- ৪ বা ৫) এবং প্রার্থীর অর্জিত সি.জি.পি.এ-এর সমতুল্য শতকরা প্রাপ্ত নম্বর উল্লেখে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় এর পরীক্ষা নিয়ন্ত্রক/বিভাগীয় প্রধান/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। (প্রত্যয়নপত্রের নমুনা আবেদনপত্রে সহিত দেওয়া হইয়াছে।)
**(ঘ) বিদেশী ডিগ্রী ঃ** বিদেশ হইতে অর্জিত আইন বিষয়ে কোন ডিগ্রীকে সহকারী জজ পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে কোন প্রার্থী দাবী করিলে তিনি তাহার অর্জিত ডিগ্রীর সনদ সংযুক্ত করিয়া আবেদনপত্র জমা দিতে পারিবেন। তবে মৌখিক পরীক্ষার সময় শিক্ষা মন্ত্রণালয়ের স্বীকৃত ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইক্যুইভ্যালেন্স সার্টিফিকেটের মূল কপি প্রদর্শন ও সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
**(ঙ) পরীক্ষায় অবতীর্ণ প্রার্থী ঃ** আইন বিষয়ে স্নাতক অথবা স্নাতক (সম্মান) অথবা এলএল.এম ডিগ্রী পরীক্ষায় অবতীর্ণ কোন প্রার্থী আবেদনপত্র দাখিল করিতে পারিবেন এবং তাহাদের আবেদনপত্র নিম্নরূপ শর্ত সাপেক্ষে সাময়িকভাবে গৃহীত হইবেঃ-
i) উক্ত পরীক্ষা আবেদনপত্র দাখিলের শেষ তারিখে বা তৎপূর্বে শেষ হইতে হইবে।
ii) প্রার্থী উক্ত পরীক্ষায় অবতীর্ণ হইয়াছেন মর্মে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক/বিভাগীয় প্রধান/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
৯ম বিজেএস, ২০১৪-এর মৌখিক পরীক্ষার সময় আইন বিষয়ে (ক) অনুচ্ছেদে বর্ণিত পরীক্ষায় প্রাপ্ত ডিগ্রী ন্যূনতম ২য় শ্রেণী/সমমানের গ্রেড অর্জনের প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয়ের মূল/সাময়িক সনদপত্র এবং মার্কশীটের মূলকপি প্রদর্শন করিতে হইবে। তাছাড়া ঐগুলির সত্যায়িত কপিও কমিশনে দাখিল করিতে হইবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে না এবং প্রার্থিতাও বাতিল হইবে।
iii) (i) বা (ii) নং অনুচ্ছেদে বর্ণিত শর্তের যে কোনটি পালন করা না হইলে আবেদনপত্র সরাসরি বাতিল হইবে।

৬। **প্রার্থীর শারীরিক যোগ্যতা ঃ**
উত্তীর্ণ প্রার্থীকে সহকারী জজ পদের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য শারীরিকভাবে সক্ষম হইতে হইবে। উক্ত দায়িত্ব পালনে বাঁধা হয় ঐরূপ দৈহিক বৈকল্য আছে কিনা তাহা যাচাই এবং প্রত্যয়নের নিমিত্ত প্রার্থীকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা মনোনীত মেডিকেল অফিসারের সম্মুখে উপস্থিত হইতে হইবে। শারীরিক যোগ্যতাসমূহের বিস্তারিত বিবরণ কমিশন প্রকাশিত "তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" সম্বলিত পুস্তিকার প্রথম অধ্যায়ের ২০ অনুচ্ছেদে বর্ণিত আছে।

৭। **প্রার্থীর জাতীয়তা ঃ**
প্রার্থীকে বাংলাদেশের নাগরিক অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা অথবা বাংলাদেশের ডমিসাইল হইতে হইবে। তবে প্রার্থী যদি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নন, তাহা হইলে তিনি অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

৮। **চাকুরীরত প্রার্থীর করণীয় ঃ**
(ক) সরকারী অফিস বা স্থানীয় কর্তৃপক্ষ অর্থাৎ সংবিধিবদ্ধ সংস্থা, স্বায়ত্তশাসিত বা আধা-সরকারী সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে তাহাদের নিয়োগকারী কর্তৃপক্ষ/যথাযথ কর্তৃপক্ষ অর্থাৎ মন্ত্রণালয়/উক্ত সংস্থার প্রধান কার্যালয় এর মাধ্যমে দরখাস্ত করিতে হইবে। ঐরূপ প্রার্থীদের মধ্যে যাহারা প্রিলিমিনারী টেস্ট/লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইবেন তাহাদেরকে মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই কর্তৃপক্ষের ছাড়পত্র জমা দিতে হইবে, অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে না।
(খ) চাকুরী হইতে অপসারিত (Remove) হইয়াছেন অথবা চাকুরী হইতে ইস্তফা দিয়াছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন, তবে এই সব প্রার্থীকে চাকুরী হইতে অপসারণের আদেশের বা ইস্তফাপত্র গৃহীত হইয়াছে মর্মে এইরূপ আদেশের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।
(গ) কোন প্রার্থীর আবেদনপত্র জমাদানের পর লিখিত ও মৌখিক পরীক্ষার পূর্বে কোন চাকুরী হইতে ইস্তফাদান করিলে বা চাকুরী হইতে অপসারিত হইলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র/ইস্তফাপত্র গ্রহণ/অপসারণ আদেশের কপি দাখিল করিতে হইবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে না।

৯। **কোটা সংরক্ষণ ঃ**
সংশ্লিষ্ট বিধি অনুসারে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও অন্যান্য কোটা সংরক্ষিত থাকিবে।

১০। **পরীক্ষার ধরণ, তারিখ ও পাস নম্বর ঃ**
(ক) *প্রাথমিক পরীক্ষা-*
সঠিকভাবে আবেদনকারী সকল প্রার্থীকে Quiz ধরণের ১০০ নম্বরের প্রাথমিক পরীক্ষায় (Preliminary Examination) অবতীর্ণ হইতে হইবে। কোটার সুবিধাভোগী প্রার্থীসহ সকল প্রার্থীকেই লিখিত পরীক্ষায় অংশগ্রহণে প্রাক যোগ্যতা হিসাবে প্রাথমিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। প্রাথমিক পরীক্ষায় ন্যূনতম **পাস নম্বর ৫৫%।** প্রাথমিক পরীক্ষায় সাধারণ বাংলা, সাধারণ ইংরেজী, বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়সমূহ, প্রাথমিক গণিত ও দৈনন্দিন বিজ্ঞান এবং আইন বিষয়সমূহের উপর প্রশ্ন করা হইবে। উক্ত পরীক্ষার বিস্তারিত তথ্যাদি "তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" নামীয় পুস্তিকার প্রথম অধ্যায়ের ১৩ অনুচ্ছেদে বর্ণিত আছে।
(খ) *লিখিত পরীক্ষা-*
৯ম বিজেএস পরীক্ষা, ২০১৪-এর জন্য ১০০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে। যে সকল পরীক্ষার্থী প্রাথমিক পরীক্ষায় উত্তীর্ণ হইবেন শুধুমাত্র তাহারাই লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন। লিখিত পরীক্ষায় **গড়ে ৫০% নম্বর** পেলে একজন প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে মর্মে গণ্য হইবে। কোন প্রার্থী লিখিত পরীক্ষার কোন বিষয়ে ৩০% এর কম নম্বর পেলে তিনি উক্ত বিষয়ে কোন নম্বর পাননি বলিয়া গণ্য হইবে এবং অন্যান্য বিষয়ে লিখিত পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে তাহার গড় পাস নম্বর নির্ধারিত হইবে। উক্ত পরীক্ষার বিস্তারিত তথ্যাদি "তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" নামীয় পুস্তিকার প্রথম অধ্যায়ের ১৪—১৭ অনুচ্ছেদে বর্ণিত আছে।
(গ) *মৌখিক পরীক্ষা-*
লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। মৌখিক পরীক্ষার **পাস নম্বর ৫০%।** এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা "তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" নামীয় পুস্তিকার ১৯নং অনুচ্ছেদে বর্ণিত আছে।
(ঘ) প্রাথমিক, লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি মারফত জানানো হইবে। এছাড়াও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের **www.jscbd.org.bd** ওয়েব সাইট-এ দেখা যাইবে।
**বিশেষ দ্রষ্টব্য ঃ**
শুধু লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হইবার সুযোগ পাইবেন। বিজেএস পরীক্ষা একটি প্রতিযোগিতামূলক পরীক্ষা বিধায় ন্যূনতম পাস নম্বর প্রাপ্তি কমিশন কর্তৃক মনোনয়নের নিশ্চয়তা প্রদান করে না।

১১। **আবেদনপত্র ও অন্যান্য ফরম এবং তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস সম্বলিত পুস্তিকার মূল্য এবং পরীক্ষার ফিস ঃ**
(ক) আবেদনপত্র ও অন্যান্য ফরম এবং বিস্তারিত সিলেবাসসহ প্রাথমিক, লিখিত, মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষার আনুষঙ্গিক তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস সম্বলিত পুস্তিকার মূল্য বাবদ **২০০ (দুইশত) টাকা** নগদ প্রদানের মাধ্যমে এই বিজ্ঞাপনের ১২-অনুচ্ছেদে উল্লেখিত সোনালী ব্যাংকের নির্ধারিত শাখা থেকে সংগ্রহ করিতে হইবে।
(খ) পরীক্ষার ফি বাবদ **১,০০০/=(এক হাজার)** টাকা "সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়" এর অনুকূলে এতদ্সংক্রান্ত নির্ধারিত | ১ | ২১০১ | ০০০২ | ২০৩১ | নম্বর কোডে বাংলাদেশ ব্যাংক অথবা উহার দায়িত্বপালনকারী ব্যাংকের যে কোন শাখায় ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়া চালানের মূল কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

১২। **আবেদনপত্র, অন্যান্য ফরম এবং তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস সম্বলিত পুস্তিকার প্রাপ্তিস্থান ঃ**
সোনালী ব্যাংক লিমিটেড এর নিম্নলিখিত শাখাসমূহ হইতে আবেদনপত্র, অন্যান্য ফরম এবং লিখিত পরীক্ষার তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাসসহ প্রাথমিক, লিখিত, মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষার আনুষঙ্গিক তথ্য ও নির্দেশনা সম্বলিত পুস্তিকা নগদ মূল্যে **০৮ জুন, ২০১৪** তারিখ হইতে ব্যাংক খোলা থাকা সাপেক্ষে সংগ্রহ করা যাইবে। শেষ তারিখ ও সময়ের পর আবেদনপত্র, অন্যান্য ফরম এবং পুস্তিকা বিক্রী বন্ধ হইয়া যাইবে।

**ঢাকা বিভাগ**
১. **ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা।**
২. **সুপ্রীম কোর্ট শাখা, ঢাকা।**
৩. **ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ।**

**চট্টগ্রাম বিভাগ**
৪. **লালদিঘী কর্পোরেট শাখা, চট্টগ্রাম।**
৫. **কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা।**

**সিলেট বিভাগ**
৬. **সিলেট কর্পোরেট শাখা, সিলেট।**

**রাজশাহী বিভাগ**
৭. **রাজশাহী কোর্ট বিল্ডিং শাখা, রাজশাহী।**

**রংপুর বিভাগ**
৮. **রংপুর কর্পোরেট শাখা, রংপুর।**

**খুলনা বিভাগ**
৯. **খুলনা কর্পোরেট শাখা, খুলনা।**
১০. **কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া।**

**বরিশাল বিভাগ**
১১. **বরিশাল কর্পোরেট শাখা, বরিশাল।**

১৩। **স্বহস্তে আবেদনপত্র ও অন্যান্য ফরম পূরণ ঃ**
সোনালী ব্যাংক থেকে সংগৃহীত কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র, প্রবেশপত্র, পরিচিতি প্রতিপাদনপত্র ও যোগাযোগের ঠিকানা সংক্রান্ত ফরমসমূহ প্রার্থী নিজ হাতে পূরণ করিবেন এবং আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করিবেন। সংশ্লিষ্ট ব্যাংক হইতে সংগৃহীত কমিশনের **মনোগ্রাম, সীল ও সহিসম্বলিত আবেদনপত্র ব্যতীত কোন আবেদনপত্রের ফটোকপি, অন্য কোনভাবে প্রস্তুতকৃত ফরমের অনুলিপি বা সাদা কাগজে করা কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।**

১৪। **আবেদনপত্রের সহিত সংযোজিতব্য প্রয়োজনীয় কাগজপত্র ঃ**
আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করিতে হইবে-
(ক) এস এস সি/সমমান ও এইচ এস সি/সমমান পরীক্ষা পাসের মূল সনদের ও মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) আইন বিষয়ে স্নাতক/সম্মান/এল এল.এম পরীক্ষা পাসের মূল/সাময়িক সনদের এবং মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) স্নাতক ও তদূর্ধ্ব ডিগ্রী থাকিলে উহার সনদ/সাময়িক সনদের ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা যে এলাকায় অবস্থিত উক্ত এলাকার ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের মেয়র বা ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(চ) জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত ফটোকপি।
(ছ) সম্প্রতি তোলা ০৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (পূরণকৃত আবেদনপত্র, প্রবেশপত্র ও পরিচিতি প্রতিপাদনপত্র ফরমে চিহ্নিত স্থানে সংযুক্ত করিতে হইবে)।
(জ) সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের অনুকূলে নির্ধারিত কোডে পরীক্ষার **ফিস জমা করার প্রমাণস্বরূপ চালানের মূল কপি** (পূরণকৃত আবেদনপত্রের চিহ্নিত স্থানে সংযুক্ত করিতে হইবে), প্রবেশপত্র, পরিচিতি প্রতিপাদনপত্র, প্রয়োজনীয় প্রত্যয়নপত্র ও পত্র যোগাযোগের ঠিকানার পূরণকৃত ফরমসমূহ।
(ঝ) প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হইতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি।
(ঞ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হইলে ঃ
(i) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬-০২-০২ তারিখের মুঃ বিঃ মঃ/সনদ-১/প্র-১/২০০২/২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি।
(ii) ১৯৯৭ হইতে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(iii) মুক্তিযোদ্ধা সনদ হিসাবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হইবে।

বিঃ দ্রঃ (১) উপরে বর্ণিত যে সকল ক্ষেত্রে সত্যায়িত কাগজপত্র দাখিলের শর্ত আছে সেই সকল কাগজপত্র **১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা** কর্তৃক সত্যায়িত হইতে হইবে।
(২) উপরে বর্ণিত যে সকল কাগজের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করার নির্দেশ আছে সেগুলির মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করিতে হইবে, অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবেনা এবং প্রার্থীতা বাতিল করা হইবে।
(৩) সংযুক্ত যে কোন সনদ/নম্বরপত্র-এর সত্যতা যাচাইয়ের জন্য কমিশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় প্রতিবেদন সংগ্রহ করিবার সিদ্ধান্ত নিতে পারিবে।

১৫। **আবেদনপত্র বাতিল ঃ**
অসম্পূর্ণ বা ভুল তথ্য সম্বলিত বা প্রয়োজনীয় কাগজপত্রবিহীন আবেদনপত্র বাতিল করা হইবে। **পরবর্তীতে প্রার্থীগণের আবেদনপত্র সংশোধন বা তদ্সংক্রান্ত কাগজপত্র সংযোজনের কোনরূপ সুযোগ দেওয়া হইবে না।** এতদ্সংক্রান্ত বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত। এছাড়া যদি কোন প্রার্থী কোন মিথ্যা তথ্য প্রদান করিয়া থাকিলে তাহা তাহার আবেদনপত্র বাতিল করিবার জন্য উপযুক্ত কারণ হিসাবে বিবেচনা করা হইবে এবং ঐরূপ প্রার্থীর ক্ষেত্রে দেশের প্রচলিত ফৌজদারী আইনে ব্যবস্থাও গ্রহণ করা হইবে। এ প্রসঙ্গে তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস সম্বলিত **পুস্তিকার প্রথম অধ্যায়ের ২১ অনুচ্ছেদে** বিস্তারিত উল্লেখ করা হইয়াছে।

১৬। **পরিবর্তনের অধিকার সংরক্ষণ ঃ**
এই বিজ্ঞাপনে উল্লিখিত কোন বিষয়, শর্ত বা তথ্য কমিশন প্রয়োজনবোধে পরিবর্তন করিবার অধিকার সংরক্ষণ করে। এই ধরনের পরিবর্তন হইলে বিষয়টি বিজ্ঞপ্তি মারফত প্রচার করা হইবে।

১৭। **বিশেষ নির্দেশনা**
৯ম বিজেএস পরীক্ষার প্রার্থীদের আবেদনপত্র সংগ্রহ ও জমাদানের **শেষ তারিখ আগামী ৩০ জুন, ২০১৪ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা** পর্যন্ত নির্ধারণ করা আছে। আবেদনপত্রসমূহ প্রাপ্তির পর কমিশন সচিবালয়ে ঐগুলি স্ক্রুটিনি করা হইবে। কোন আবেদনপত্র অসম্পূর্ণ থাকিলে বা সঠিক পাওয়া না গেলে তাহা বাতিল হইয়া যাইতে পারে। কাজেই **আবেদনপত্র জমাদানের শেষ তারিখের জন্য অপেক্ষা না করিয়া আগ্রহী প্রার্থীদেরকে যথাশীঘ্র আবেদনপত্র দাখিল করিবার জন্য অনুরোধ করা যাইতেছে।**

১৮। এই বিজেএস পরীক্ষার বিজ্ঞাপন বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের **www.jscbd.org.bd** ওয়েব সাইট-এ দেখা যাইবে।

(সৈয়দ জাহেদ মনসুর)
পরীক্ষা নিয়ন্ত্রক

জিডি-২৩২৬